

**বাগেরহাটে স্কুলছাত্রীকে  
 ধর্ষণের পর হত্যা**

বাগেরহাট থেকে নিজস্ব সংবাদদাতা :  
 কোমরপুরে তিন গৃহবধূকে ধর্ষণ এবং তখন  
 গুস্তাচার্যকে হত্যার মামলা তিনদিনের মাঝায়  
 মোস্তাহাটে এক স্কুলছাত্রী সূফিয়া খাতুনকে  
 (১৩) অপহরণের করে ধর্ষণের পর হত্যা করা  
 হয়েছে। পুলিশ ওই স্কুলছাত্রীর লাশ  
 ময়নাতদন্তের জন্য তত্ববার বাগেরহাট মর্গে  
 হত্যা : পৃঃ ২ কঃ ২

**হত্যা : স্কুলছাত্রীকে  
 (১ম পৃষ্ঠার পর)**

পাঠিয়েছে।  
 পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, মোস্তাহাট  
 উপজেলার ফোলাগুয়াতি গ্রামের কাজী  
 নজিরউদ্দিনের মেয়ে হৈমায়তউদ্দিন বালিকা  
 বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্রী সূফিয়াকে  
 বুধবার বিকেলে অপহরণ করা হয়। দু'দিন  
 অটিকে রেখে ধর্ষণের পর তাকে হত্যা করে  
 লাশ কাইউম কামীর চিওড়িঘরে ফেলে  
 রাখে। তত্ববার পুলিশ সূফিয়ার লাশ উদ্ধার  
 করে। এ ব্যাপারে মোস্তাহাট থানায় একটি  
 মামলা হয়েছে।